

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২। নির্বাহী প্রকৌশলী, পানি (পূ: ও উ:) বিভাগ-১, ঢাকা ওয়াসা বরাবর প্রেরিত চিঠির কপি।
৩। ক্ষতিগ্রস্ত পাম্প হাউজের ফ্লোরের ছবি।
৪। প্রাক্কলনের কপি।

বিষয়ঃ মডস জোন-২ এর আওতাধীন সিমসন রোড পানির পাম্প কম্পাউন্ডের পাম্প হাউজের ফ্লোরে বালি ভরাট ও ফ্লোর ঢালাই করণ প্রসংগে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন ইসলামপুর, পাটুয়াটুলি, সদরঘাট সহ অন্যান্য এলাকায় পানি সরবরাহ করার জন্য সিমসন রোড পানির পাম্প বিদ্যমান। উক্ত পানির পাম্প পরিদর্শন কালে দেখা যায় সিমসন রোড পানির পাম্প হাউজের ফ্লোরের নিচের মাটি সরে গিয়ে বড় গর্তের সৃষ্টি হয়েছে (ছবি সংযুক্ত)। যার কারণে পাম্প হাউজ ও পাম্প হাউজের অভ্যন্তরে স্থাপিত যন্ত্রাংশ ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে এবং যেকোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা রয়েছে। অত্র জোনে পাম্প হাউজ মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে পর্যাপ্ত পরিমাণ অর্থ না থাকায় পাম্প কম্পাউন্ডটি মেরামত করার জন্য নির্বাহী প্রকৌশলী, পানি (পূ: ও উ:) বিভাগ-১, ঢাকা ওয়াসা বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)। কিন্তু উক্ত বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট পাম্প কম্পাউন্ডে কোন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়নি। বিদ্যমান এলাকায় নিরবিচ্ছিন্ন পানি সরবরাহ ও পাম্প হাউজে পাম্প অপারেটরের ডিউটি নিশ্চিত করণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে পাম্প হাউজের ফ্লোরে বালি ভরাট ও ফ্লোর ঢালাই করা প্রয়োজন। উল্লেখিত কাজের প্রকৃতি অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়াইয়াছে = ২৩,৬৮৬/- (তেইশ হাজার ছয়শত ছিয়াশি) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৪-২০২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৮৬ পাম্প হাউজ মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, মডস জোন-২ এর আওতাধীন সিমসন রোড পানির পাম্প কম্পাউন্ডের পাম্প হাউজের ফ্লোরে বালি ভরাট ও ফ্লোর ঢালাই করণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট = ২৩,৬৮৬/- (তেইশ হাজার ছয়শত ছিয়াশি) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৮১/১ ধারা অনুযায়ী সরাসরি ক্রয় হিসাবে কাজটি সম্পন্ন করার অনুমোদনের জন্য নথিখানা প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।

সুবিধনয়ে উপস্থাপন করা হ'ল।



২৪/০২/২৫

২৪/০২/২৫

মোঃ ফিরোজ আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

২৪/০২/২৫

২৪/০২/২৫

সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

২৪/০২/২৫

২৪/০২/২৫

মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

২৪/০২/২৫

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

২৪/০২/২৫

২৪/০২/২৫

২৪/০২/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।